সিনিয়র সিস্টেম এনালিস্ট
- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

জইরি নং..................
তারিখ..11/04/2021..........
স্বাক্ষর

অতিঃ জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০২.২১-৪২৯ তারিখ: ২৫ চৈত্র ১৪২৭ / ০৮ এপ্রিল ২০২১

বিষয় : স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যাথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত বছরব্যাপী গৃহিত কর্মসূচি এবং লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ও মুল ডিজাইন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ১) এ বিভাগের অডিট শাখার পত্র নং-৩৫.০০.০০০০.০১০.৯৯.০০৫.২১-৪৩, তারিখঃ ০১-০৩-২০২১;
২) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২১-৩৭, তারিখ: ২৯-০৩-২০২১।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ ০১ নম্বর স্মারকে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যাথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত এ বিভাগ কর্তৃক গৃহিত বছরব্যাপী কর্মসূচি এবং সূত্রস্থ ০২ নম্বর স্মারকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ও মুল ডিজাইন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৮/৪/২০২১

(মোহাঃ লিয়াকত আলী খান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৪১২৮
ই-মেইল: sasadmin@rthd.gov.bd

বিতরণ:

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০২. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
০৩. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, বনানী, ঢাকা।
০৪. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
০৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী সংক্রান্ত সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০২. সিনিয়র সহকারী সচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩. অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৪. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
অডিট শাখা
www.rthd.gov.bd

নং- ৩৫.০০.০০০০.০১০.৯৯.০০৫.২১-৪৩

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : **স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বছরব্যাপী গৃহীতব্য কর্মসূচি প্রেরণ।**

সূত্র : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪৮.০০.০০০০.০০১.২৩.০০৭.২০২০-১৪ তারিখ: ০৯.০২.২০২১ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক বছরব্যাপী নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

| ক্রম | গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা | বাস্তবায়নের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| **(ক) সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বছরব্যাপী কর্মসূচি প্রণয়ন** | | | | |
| ১. | স্বাধীনতা পরবর্তী সময়ে মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন প্রতিফলিত করে **বিশেষ প্রকাশনা।** | অক্টোবর/২০২১ | বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে পুস্তিকা প্রণয়নের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সওজ অধিদপ্তর |
| ২. | স্বাধীনতা পরবর্তী মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন প্রতিফলিত করে **Audio Visual Documentary** তৈরি। | অক্টোবর/২০২১ | বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে Audio Visual Documentary প্রণয়নের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সওজ অধিদপ্তর |
| ৩. | **২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১** পর্যন্ত সময়কালে মহান স্বাধীনতার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ তারিখে সভা/সেমিনার/প্রতিযোগিতা/রক্তদান কর্মসূচি আয়োজন। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | বর্ণিত সময়ে স্ব স্ব ব্যবস্থাপনায় স্বাধীনতা, মুক্তিযুদ্ধের ইতিহাস ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে সভা/সেমিনার/প্রতিযোগিতা/ রক্তদান কর্মসূচি আয়োজন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল |
| ৪. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি'র দাপ্তরিক কাজে মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত **বিশেষ খাম** ব্যবহার। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত খাম মুদ্রণ ও ব্যবহার অব্যাহত রাখতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল |
| ৫. | সাইকেল র‍্যালি | ১৬ ডিসেম্বর ২০২১ | রুট নির্ধারণপূর্বক ঢাকা-গোপালগঞ্জ সাইকেল র‍্যালি আয়োজন এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিটিসিএ সহযোগিতায়: সওজ অধিদপ্তর |
| ৬. | **কারাগারের রোজনামচা** ও **অসমাপ্ত আত্মজীবনী** বই ২টি বিতরণ ও পাঠ প্রতিযোগিতা | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | বর্ণিত সময়কালে **কারাগারের রোজনামচা** ও **অসমাপ্ত আত্মজীবনী** বই ২টি সকল পর্যায়ের দপ্তর/মাঠ পর্যায়ের কার্যালয়ের মধ্যে বিতরণ এবং বই ২টি'র উপর অনলাইন প্রতিযোগিতা'র আয়োজন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল |
| ৭. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত **মগ, টি-শার্ট, কলম** বিতরণ। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | বর্ণিত সময়কালে মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত **মগ, টি-শার্ট, কলম** প্রস্তুত করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল |
| **খ. ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন** | | | | |
| ৮. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি'র ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন। | ২৬ মার্চ ২০২১ | বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপনের উদ্যোগ নিতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ ও ডিএমটিসিএল |

| ক্রম | গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা | বাস্তবায়নের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| **(গ) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বাংলাদেশের দূতাবাসসমূহ এবং জেলা-উপজেলায় জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সম্ভাব্য কর্মসূচি গ্রহণ** | | | | |
| ৯. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি'র মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সম্ভাব্য কর্মসূচি গ্রহণ। | ১৬ ডিসেম্বর ২০২১ | বর্ণিত নির্ধারিত তারিখে স্ব স্ব ব্যবস্থাপনায় জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি'র মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সম্ভাব্য কর্মসূচি গ্রহণ করবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ ও ডিএমটিসিএল |
| **(ঘ) বিবিধ** | | | | |
| ১০. | স্বাধীনতা দিবস, জাতীয় শোক দিবস ও বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত/গৃহীত রুটিন কর্মসূচিসমূহ। | - | স্বাধীনতা দিবস, জাতীয় শোক দিবস ও বিজয় দিবস উপলক্ষ্যে ইতোপূর্বে আয়োজিত/গৃহীত রুটিন কর্মসূচিসমূহ চালু থাকবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ ও ডিএমটিসিএল |
| ১১. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক নিজস্ব কর্মসূচি গ্রহণ। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক উল্লেখিত কর্মসূচির বাইরে নিজস্ব কর্মসূচি গ্রহণ করতে পারবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ ও ডিএমটিসিএল |

২. এমতাবস্থায়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক বছরব্যাপী গৃহীতব্য কর্মসূচি'র উল্লিখিত তথ্যাদি তাঁর সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০১.০৩.২০২১

(মুহাম্মদ আব্দুর রহিম সুজন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৫৫২৮
ই- মেইল : dsaudit@rthd.gov.bd

**সচিব**
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
**[দৃঃআঃ উপসচিব (প্রশাসন-১)]।**

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
২. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), নগর ভবন, ঢাকা
৩. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা
৫. ব্যবস্থাপনা পরিচালক, Dhaka Mass Transit Company Limited (DMTCL), প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
৬. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৭. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৮. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৯. অফিস কপি/মাস্টার কপি।

# স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার নির্দেশিকা

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে দেশে বিদেশে উদযাপনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক লোগো অনুমোদিত হওয়ায় যথোপযুক্তভাবে ব্যবহারের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়কের সাথে পরামর্শক্রমে নিম্নরূপ নির্দেশিকা জারি করা হলো;

১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্ধারিত রঙ, বর্ণবিন্যাস এবং আকৃতি ব্যতীত অন্য কোনো প্রকারে এই লোগো ব্যবহার করা যাবে না।

২. সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, সরকারি মালিকানাধীন কোম্পানি, সরকারি ও বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মিডিয়া ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সব ই-মেইল, সরকারি পত্র, স্মারকপত্র, আধা-সরকারি পত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সঙ্গে যথাযথভাবে সুবর্ণজয়ন্তীর লোগোটি ব্যবহার করা যাবে।

৩.মুজিববর্ষের লোগো যথাস্থানে রেখে সুবর্ণজয়ন্তীর লোগো বামদিকে ব্যবহার করা যাবে।

৪. সরকারি মালিকানাধীন সব বাস, ট্রেন, দাপ্তরিক গাড়ী, নৌযান, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে চলমান বাংলাদেশ বিমান, সামরিক এয়ারক্রাফট এবং ক্রুজে উপযুক্ত স্থানে বিভিন্ন অনুষ্ঠানের পোস্টার, ব্যানার, ফেস্টুন ও সাজসজ্জায়, সুবর্ণজয়ন্তী লোগোর নির্দেশিকা অনুসরণ করে নির্ধারিত এবং আনুপাতিক হারে নান্দনিকভাবে লোগোটি ব্যবহার করা যাবে।

৫. জাতীয় দিবসের বিভিন্ন উপলক্ষে সরকারি-বেসরকারি প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে শুভেচ্ছা কার্ড এবং আমন্ত্রণপত্রে উক্ত লোগো ব্যবহার করা যাবে।

৬. জাতীয় পাঠ্যপুস্তক এবং সব সরকারি তথ্য বাতায়নে এই লোগো ব্যবহার করা যাবে।

৭. সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডার, নোটপ্যাড, স্টেশনারি, বিজ্ঞাপন ইত্যাদি প্রচার সামগ্রীতে এই লোগো ব্যবহার করা যাবে।

৮. কোনো ব্যক্তিগত বা বেসরকারি ব্যবসায়িক বা বাণিজ্যিক প্রোডাক্ট, সেবার উদ্দেশ্যে এই লোগো ব্যবহার করা যাবে না।

৯. সিগারেট, অ্যালকোহল, আগ্নেয়াস্ত্র কিংবা অনুরূপ দ্রব্যাদিতে এই লোগো ব্যবহার করা যাবে না।

১০. বিভিন্ন ক্রীড়া, সাহিত্য, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংস্থার অনুষ্ঠান আয়োজনে, প্রকাশনার ক্ষেত্রে লোগো ব্যবহার করা যাবে।

১১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে জাতীয় পর্যায়ে সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে নির্বাচিত লোগোটি ২০২১ সালের ১৬ ডিসেম্বর পর্যন্ত ব্যবহার করা যাবে।

স্বাক্ষরিত-২৫/০৩/২০২১

**সচিব**

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী

Bangladesh 50

# লোগো মুদ্রণে রঙের নির্দেশনা
## Logo Colour Palette

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী →

C 10 M 40 Y 90 K10
RGB - 207 138 23
HEX - #CF8A17

Bangladesh →

C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

C 30 M 50 Y 100 K 10
RGB - 161 115 0
HEX - #A17300

C 5 M 10 Y 65 K 8
RGB - 223 211 82
HEX - #DFD352

C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

# লোগো মুদ্রণে একক রঙের নির্দেশনা
## Logo Colour Palette (Single)

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী

C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

Bangladesh

C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

C 0 M 0 Y 0 K 35
RGB - 166 166 166
HEX - #A6A6A6

C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

# লোগো মুদ্রণে সাদা-কালো রঙের নির্দেশনা
## Logo Colour Palette (Black)

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

## লোগো মুদ্রণে রিভার্স রঙের নির্দেশনা
## Logo Colour Palette (Reverse)

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

# লোগোর চারপাশে যতখানি জায়গা ফাঁকা রাখতে হবে

## Logo Clear Space

লোগোর চতুর্দিকে মূল লোগোতে ব্যবহৃত ইংরেজি বাংলাদেশ লেখার প্রথম অক্ষর ‘বি’-এর উচ্চতার সমপরিমাণ বা তার অধিক জায়গা সর্বদা ফাঁকা রাখতে হবে।

Always leave space equal to or more than the height of the first letter 'B' of the English Bangladesh text used in the main logo around the logo.



# গাঢ় ব্যাকগ্রাউন্ডে লোগো যেভাবে বসবে
## Logo in Dark Background

গাঢ় ব্যাকগ্রাউন্ডে লোগোটি ব্যবহার করতে হলে তা সবসময় নির্ধারিত সাদা বক্সের ভিতর রাখতে হবে।

Always keep the logo inside the white box when it will be used on a dark background.